গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
রামগঞ্জ, লক্ষীপুর
http://ramganj.lakshmipur.gov.bd

হাট-বাজার ইজারা দেয়া সংক্রান্ত দরপত্র বিজ্ঞপ্তি

(১৪৩১ বাংলা সনের জন্য)

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, লক্ষীপুর জেলার রামগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী ইজারা গ্রহণেচ্ছুক ব্যক্তিগণের নিকট হতে নির্ধারিত ফরমে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

২। দরপত্র ফরম নোটিশ জারীর পর হতে নিম্নে উল্লেখিত সময় ও তারিখে অফিস চলাকালীন সময় পর্যন্ত নগদ নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) জেলা প্রশাসকের কার্যালয়, লক্ষীপুর, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, রামগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), রামগঞ্জ, সোনালী ব্যাংক, রামগঞ্জ শাখা এবং অফিসার ইন-চার্জ (ওসি), রামগঞ্জ থানা, রামগঞ্জ এর কার্যালয় হইতে ক্রয় করা যাবে।

সিডিউল/দরপত্র গ্রহণের পর্যায়	দরপত্র বিক্রির শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
১ম পর্যায়	১৩-০৩-২০২৪ খ্রিঃ অফিস সময় পর্যন্ত	১৪-০৩-২০২৪খ্রিঃ দুপুর- ০২:০০ ঘটিকা পর্যন্ত	১৪-০৩-২০২৪খ্রিঃ বিকাল-৩:০০ ঘটিকায়
২য় পর্যায়	২০-০৩-২০২৪ খ্রিঃ অফিস সময় পর্যন্ত	২১-০৩-২০২৪ খ্রিঃ দুপুর- ০২:০০ ঘটিকা পর্যন্ত	২১-০৩-২০২৪ খ্রিঃ বিকাল-৩:০০ ঘটিকায়
৩য় পর্যায়	২৭-০৩-২০২৪ খ্রিঃ অফিস সময় পর্যন্ত	২৮-০৩-২০২৪ খ্রিঃ দুপুর- ০২:০০ ঘটিকা পর্যন্ত	২৮-০৩-২০২৪ খ্রিঃ বিকাল-৩:০০ ঘটিকায়

৩। হাট-বাজার ইজারা সংক্রান্ত শর্তাবলী এবং বাজার ভিত্তিক দরপত্র ফরমের মূল্য সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা, ইজারা পদ্ধতি এবং উহা হতে প্রাপ্ত আয় বন্টন সম্পর্কিত নীতিমালা মোতাবেক নিম্নে প্রদত্ত হইল ঃ

ক্রঃ নং	বাজারের নাম ও অবস্থান	সিডিউলের মূল্য	সম্ভাব্য সরকারি মূল্য
০১.	নবীগঞ্জ বাজার, ১নং কাঞ্চনপুর ইউনিয়ন	৫০০	৪,০০৯/-
০২.	হোটাটিয়া বাজার, ২নং নোয়াগাঁও ইউনিয়ন	৫০০	২,৭২১/-
০৩.	পানিয়ালা বাজার, ২নং নোয়াগাঁও ইউনিয়ন	১,০০০	১,৯৮,২১৪/-
০৪.	নোয়াগাঁও বাজার, ২নং নোয়াগাঁও ইউনিয়ন	১,০০০	১,৬৮,০৪৬/-
০৫.	কাউনিয়া বাজার, ৪নং ইছাপুর ইউনিয়ন	৫০০	১১,৯৭৫/-
০৬.	খলিলের বাজার, ৪নং ইছাপুর ইউনিয়ন	৫০০	১৪,৪৯৫/-
০৭.	নয়া বাজার, ৪নং ইছাপুর ইউনিয়ন	৫০০	৪,২০০
০৮.	নাগের দিঘীরপাড় বাজার, ৫নং চন্ডীপুর ইউনিয়ন	৫০০	২,২৪৭
০৯.	কামার হাট বাজার, ৫নং চন্ডীপুর ইউনিয়ন	৫০০	৯৩,৭৮২/-
১০.	হরিশ্চর বাজার, ৫নং চন্ডীপুর ইউনিয়ন	৫০০	১১,৮১২/-
১১.	বকুল তলা বাজার, ৫নং চন্ডীপুর ইউনিয়ন	৫০০	২,২৯৫/-
১২.	বকশী বাজার, ৫নং চন্ডীপুর ইউনিয়ন	৫০০	২,০০৯/-
১৩.	পদ্মা বাজার, ৫নং চন্ডীপুর ইউনিয়ন	৫০০	৫৮,৭৯৪/-
১৪.	পানপাড়া বাজার, ৬নং লামচর ইউনিয়ন	১,০০০	১,৬২,২৮৪/-
১৫.	পানপাড়া গবাদি পশুর বাজার, ৬ নং লামচর ইউনিয়ন	৫০০	১৯,০৮০
১৬.	জামতলী বাজার, ৭নং দরবেশপুর ইউনিয়ন	৫০০	২,১৬১/-
১৭.	সমিতির বাজার, ৭নং দরবেশপুর ইউনিয়ন	৫০০	৮৫,১৮৯/-
১৮.	মাঝিরগাঁও বাজার, ৭নং দরবেশপুর ইউনিয়ন	৫০০	৮২,৪৩৩/-
১৯.	কচুয়া বাজার, ৭নং দরবেশপুর ইউনিয়ন	৫০০	৪৫৪০/-
২০.	আথাকরা বাজার, ৯নং ভোলাকোট ইউনিয়ন	৫০০	১৩,২৬৮/-
২১.	নাগমুদ বাজার, ৯নং ভোলাকোট ইউনিয়ন	৫০০	৫৮,৩১২/-
২২.	টিওরী বাজার, ৯নং ভোলাকোট ইউনিয়ন	৫০০	৬,৮১৯/-
২৩.	ভাটরা বাজার, ১০নং ভাটরা ইউনিয়ন	১,০০০	১,২৪,৭৬২/-
২৪.	দল্টা বাজার, ১০নং ভাটরা ইউনিয়ন	১,৪০০	৩,৮২,৬৯৫/-

অপর পৃষ্টায় দ্রষ্টব্য

Scanned with CamScanner

হাট-বাজার ইজারার শর্তাবলী

০১.বাংলা ১৪৩১ বঙ্গাব্দের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

০২. দরপত্রদাতাকে দরপত্রের সহিত উল্লিখিত দরের ৩০ (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর এর অনুকূলে জমা দিতে হবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার-পরিচ্ছন্ন না করলে, অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জামানতকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

০৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ উপজেলা নির্বাহী অফিসার, রামগঞ্জ, লক্ষ্মীপুর (হাট-বাজার ইজারা সংক্রান্ত) নামীয় জনতা ব্যাংক লিমিটেড রামগঞ্জ শাখার চলতি হিসাব নম্বর ০১০০২৩৯৩৫৫১৭৪ এ জমা দিয়ে জমার মূল রসিদ নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে। দরপত্র/সিডিউল দাখিলকৃত মোট দরের উপর অতিরিক্ত ১০% আয়কর (কোড নং ১-১১৪১-০১৩০-০১১১) এবং ১৫% ভ্যাট (কোড নং ১-১১৩৩-০০৪০-০৩১১) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় দরপত্রের সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

০৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ০৩(তিন) বছরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয়, তা হলে ক্রমাগতভাবে পরবর্তী ধার্য তারিখে দরপত্র ক্রয়/দাখিল করা যাবে। যে ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার জামানত/সিডিআর ফেরত দেওয়া হবে না। ২য়/৩য় বার (প্রযোজ্য হলে) দরদাতা দরপত্র দাখিল করতে চাইলে অতিরিক্ত দরের নির্ধারিত সিডিআর দাখিল করতে হবে। এ ভাবে ২য়/৩য় বার (প্রযোজ্য হলে) দাখিলকৃত প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয়, তাহলে ইজারা প্রদানের কার্যক্রম সরকারি ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে। উল্লেখ্য সরকারি মূল্য পাওয়া গেলে পরবর্তী দরপত্রের সকল কার্যক্রম স্থগিত থাকবে।

০৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র অন্য হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রি করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফার আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

০৬. খামের উপর দরপত্র দাতার নাম, পূর্ণ ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা করবেন।

০৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

০৯. ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাবলিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি পত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোর্চ্চ/একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখবেন এবং একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৩. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ের জন্য হারাহারিভাবে ইজারার অর্থ কর্তণপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে ফেরত প্রদান করা হবে।

১৫. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭. এ ছাড়াও সরকারি হাট-বাজারসমূহের ব্যবস্থাপনা নীতিমালা এবং হাট-বাজারের ইজারার ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারিকৃত সকল বিধিবিধান কার্যকর হবে।

27/02/2024

(মোছাঃ শারমিন ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
রামগঞ্জ, লক্ষ্মীপুর
ফোন: +৮৮০২৩৩৪৪৪২৫১০

স্মারক নং ০৫.৪২.৫১৬৫.০০০.০৭.০০১.২১- ৭৬২

তারিখঃ ১৪ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ / ২৭ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১. জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
২. পুলিশ সুপার, লক্ষ্মীপুর ।
৩. উপপরিচালক, স্থানীয় সরকার বিভাগ, লক্ষ্মীপুর
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রামগঞ্জ, লক্ষ্মীপুর।
৫. উপজেলা নির্বাহী অফিসার, লক্ষ্মীপুর সদর/ রায়পুর/রামগতি/কমলনগর, লক্ষ্মীপুর।
৬. সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, লক্ষ্মীপুর/রায়পুর/রামগঞ্জ/রামগতি/কমলনগর।
৭. চেয়ারম্যান... ইউনিয়ন পরিষদ রামগঞ্জ, লক্ষ্মীপুর।
৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,......................... ইউনিয়ন ভূমি অফিস রামগঞ্জ। অবগতি ও বহুল প্রচারের জন্য।
৯. সম্পাদক, দৈনিক ..../দৈনিক........./............................। উক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় সিঙ্গেল স্পেসে ছোট অক্ষরে একদিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১০. নোটিশ বোর্ড, অত্রাফিস।

27/02/2024

উপজেলা নির্বাহী অফিসার
রামগঞ্জ, লক্ষ্মীপুর

Scanned with CamScanner